


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসার কার্যালয়
সদর, কক্সবাজার।
dae.sadar.coxsbazar.gov.bd

নোটিশ

এতদ্বারা কৃষক/কৃষানীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের অধিভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প এর ৭০% হারে নির্ধারিত নির্দিষ্ট পরিমাণ উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদান কার্যক্রমের আওতায় কিছু সংখ্যক কম্বাইন্ড হার্ডস্টার (ধান, ছুট্টা ও গম), রাইস ট্রান্সপ্লান্টার (ওয়াকিং ও রাইডিং) এবং রিপার ও রিপার বাইন্ডার যন্ত্রের অনুকূলে কৃষকের তালিকা প্রণয়ন ও পরবর্তী কার্যক্রম সম্পাদনের উদ্যোগ নেওয়ার জন্য উক্ত কৃষি যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্তে অগ্রহী কৃষক/কৃষানী/কৃষক গ্রুপের সদস্যদের নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এ পত্র ইস্যুর তারিখ হতে আগামী ২১/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ফরম সংগ্রহ পূর্বক উপজেলা কৃষি অফিস, সদর, কক্সবাজার এ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

আবেদনের শর্তকণী:

- ১। আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ২। আবেদনকারীর ১(এক) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, কৃষি সহায়তা কার্ড ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ৩। পূর্বে প্রকল্পের আওতায় যারা ভর্তুকিতে যন্ত্রপাতি গ্রহণ করেছেন তারা আবেদন করতে পারবেন না।
- ৪। গ্রুপভিত্তিক কাজ করতে অগ্রহী চাষীগণ আবেদন করতে পারবেন, এ ক্ষেত্রে ডিএই'র আইপিএম/আইসিএম/সিআইজি ক্লাব অর্ন্তভুক্ত থাকবে।
- ৫। মূলধন সংকটে থাকা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণ গ্রুপ গঠনের মাধ্যমে মূলধন সংগ্রহ করে যন্ত্র ক্রয়ে অগ্রহী হলে এ গ্রুপকে তালিকাভুক্ত করা হবে।
- ৬। আবেদনকারীর (প্রান্তিক, বর্গা, ক্ষুদ্র, মাঝারী কৃষকের শ্রেণীভেদে অগ্রাধিকার) আবাদি জমি থাকতে হবে।
- ৭। চাষাবাদের সঙ্গে সম্পৃক্ত নয় এমন কোন ব্যক্তির আবেদন করার প্রয়োজন নেই।


মোঃ জাহিদ হাসান

উপজেলা কৃষি অফিসার
ও


সদস্য সচিব
উপজেলা কৃষি পূর্নবাসন ও বাস্তবায়ন কমিটি
সদর, কক্সবাজার।

স্মারক নং : ১২.১৮.২২২৪.০৩৯.০১.০১৫.২১-৪১৯

তারিখ : ২৯/১০/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার।
৪. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
৬. মেয়র, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।
৭. উপজেলা অফিসার, সদর, কক্সবাজার। সদস্য উপজেলা কৃষি পূর্নবাসন ও বাস্তবায়ন কমিটি।
৮. চেয়ারম্যান, (সকল) ইউ.পি. সদর, কক্সবাজার।
৯. উপসহকারী কৃষি কর্মকর্তা, (সকল) ব্রক, সদর, কক্সবাজার।
১০.নোটিশ বোর্ড, সদর, কক্সবাজার।
১১. অফিস নথি।


মোঃ জাহিদ হাসান
উপজেলা কৃষি অফিসার
সদর, কক্সবাজার।